

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ডিসেম্বর ২০১৬

নং ৪৬.০৪৬.০২৭.০০.১০২.২০১২-১৭২৫—যেহেতু, জনাব মোঃ মোখলেছুর রহমান, চেয়ারম্যান, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে দায়েরকৃত নবাবগঞ্জ থানার মামলা নং-২৪, তারিখ: ১২-০৩-২০১৫, জি, আর-১০৮/২০১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মোখলেছুর রহমান, চেয়ারম্যান, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মোখলেছুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৮৩৯৭)
মূল্য : টাকা ৪.০০